# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

## প্রশাসন বিভাগ

### সাধারণ শাখা

www.manikganjpourashava.com

স্মারক নং-মাপৌ/প্রশাঃসাধাঃ-২০২৫/৯৪১ তারিখঃ৩০/০৯/২০২৫ খ্রি.

**মানিকগঞ্জ পৌরসভা শহর সমন্বয় কমিটি (TLCC) সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভার নম্বর | : ০৫ (পাঁচ) |
| সভার সভাপতি | : জনাব শাহনাজ সুলতানা, প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা ও চেয়ারপার্সন, শহর সমন্বয় কমিটি (TLCC) মানিকগঞ্জ পৌরসভা। |
| সভার নাম | : শহর সমন্বয় কমিটির (TLCC) সভা, মানিকগঞ্জ পৌরসভা। |
| সভার তারিখ | : ২৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রি.। |
| সভার বার | : সোমবার। |
| সভার সময় | : সকাল ১০.০০ ঘটিকা। |
| সভার স্থান | : পৌরসভার সভা কক্ষ। |

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ : (পরিশিষ্ট-ক)

মানিকগঞ্জ পৌরসভার শহর সমন্বয় কমিটি (TLCC) সভার চেয়ারপার্সন ও পৌর প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা, অদ্যকার শহর সমন্বয় কমিটির সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দদেরকে শুভেচ্ছা জানান এবং সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। পৌর নির্বাহী কর্মকর্তাকে সভা শুরু করার আহবান জানান। সভায় পৌর নির্বাহী কর্মকর্তা নির্দেশিত হয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপস্থিত সকল সদস্যদেরকে নিজ নিজ আসন থেকে পরিচয় দেয়ার জন্য অনুরোধ জানালে উপস্থিত সদস্যবৃন্দ পর্যায়ক্রমে তাদের পরিচয় প্রদান করেন।

ক্রমিক নং-

## আলোচনা

০১। **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :**

**আলোচনা :** সভায় প্রশাসক কর্তৃক নির্দেশিত হয়ে পৌর নির্বাহী কর্মকর্তা পূর্ববর্তী ২৩ জুলাই, ২০২৫ খ্রি. তারিখের শহর সমন্বয় কমিটির (TLCC) সভার কার্যবিবরণী উপস্থিত সকলের উদ্দেশ্যে পাঠ করে শোনান। পৌর নির্বাহী কর্মকর্তা কর্তৃক পঠিত কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

**সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনান্তে বিগত ২৩ জুলাই, ২০২৫ খ্রি. তারিখের শহর সমন্বয় কমিটির (TLCC) সভার কার্যবিবরণীর কোন প্রকার পরিবর্তন ও সংশোধন না থাকায় পঠিত সভার কার্যবিবরণী অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

**বাস্তবায়নে :** পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা।

০২। **জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত কার্যক্রম অবহিত করণ :**

**আলোচনা :** পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, ০-৪৫ দিনের মধ্যে সকল শিশুর জন্ম নিবন্ধন নিশ্চিত করার জন্য জন্ম নিবন্ধন অধিদপ্তর কর্তৃক টার্গেট নির্ণয় করে দেওয়া হয়েছে। ইতোমধ্যে বিগত শহর সমন্বয় কমিটির বিভিন্ন সভায় উপস্থিত সকলকে স্ব স্ব এলাকার যে সকল শিশু এখনো জন্ম নিবন্ধন করেন নাই, সেই সকল শিশুদেরকে জন্ম নিবন্ধন করার বিষয়ে শহর সমন্বয় কমিটির সদস্যদের সহযোগিতা চেয়ে অনুরোধ জানানো হয়েছে। বর্তমান পরিস্থিতিতে কি কারণে জন্ম নিবন্ধন অধিদপ্তর কর্তৃক টার্গেট পূরণ করা সম্ভব হচ্ছে না এবং কোন কোন পদক্ষেপ গ্রহণ করলে জন্ম ও মৃত্যু নিবন্ধনের টার্গেট পূরণ করা যাবে সে বিষয়ে অদ্যকার সভায় উন্মুক্ত আলোচনার আহবান জানান।

জন্ম নিবন্ধন বিষয়ে শহর সমন্বয় কমিটির সদস্য জনাব সাবিহা হাবিব সভাকে অবহিত করেন যে, সরকার ০-৪৫ দিনের মধ্যে সকল শিশুর জন্ম নিবন্ধন বাধ্যতামূলক করেছেন। কিন্তু দুঃখের বিষয় জন্ম সনদ প্রদানের প্রক্রিয়ায় অনেক ঝুট ঝামেলা রয়েছে। যেমন- পিতা-মাতার জন্ম সনদ থাকতে হবে, পৌর ট্যাক্স ও পানির বিল পরিশোধ থাকতে হবে ইত্যাদি। জন্ম সনদের আবেদনের সময় এসব বিষয়ে শিথিল করলে জন-সাধারণ উপকৃত হবে।



Shahnaz

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

জনাব আলেয়া রহমান সভাকে অবহিত করেন যে, পৌরসভার জন-সাধারণের জন্ম সনদ করতে অনেক ভোগান্তিতে পরতে হয়। পৌরসভার দার প্রান্তে ঘুরতে ঘুরতে জন-সাধারণ বিরক্ত হয়ে যায়। পিতা-মাতার জন্ম সনদ না থাকলে সন্তানের জন্ম নিবন্ধন করা যায় না। এটা একটা অমানবিক বিষয় বলে মনে হয়। যে কোন সেবা পেতে হলে ট্যাক্স পরিশোধ থাকতে হবে এটাই নাকি পৌরসভার বিধি বিধান। পৌরসভার ট্যাক্স বকেয়ার কারণে সনদ তুলতে না পাড়া দুঃখের বিষয় । ফ্যামিলীতে এককে সময় আর্থিক সংকট থাকতেই পারে। তাই বলে পৌর নাগরিক সেবা হতে বঞ্চিত হবে এটা বোধ হয় ঠিক নয়। তিনি আরো বলেন, পৌরসভার রাস্তা খারাপ, বৈদুতিক পোলে রাতের বেলা লাইট জ্বলে না, নিরবিচ্ছিন্ন পানি সরবরাহ থাকে না। পৌরবাসী নিয়মিত ট্যাক্স প্রদান করবে কিন্তু পৌরসভার কোন সেবা পাবে না তা সমুচিত নয়। পৌরসভার মাধ্যমে জেনারেল এ্যাসেসমেন্টে বাসাবাড়ির ট্যাক্স অনেক বেশী ধার্য করা হয়েছে। তিনি ধার্যকৃত পৌর কর কমানোর জন্য প্রশাসক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

শহর সমন্বয় কমিটির ০৬ নং ওয়ার্ডের সম্মানিত সদস্য জনাব মো: জাকিরুল ইসলাম সভাকে অবহিত করেন যে, আমরা পৌরসভার নাগরিক, আমাদের দায়িত্ব পৌরসভার উন্নয়ন মূলক সকল প্রকার কাজে সহযোগিতা করা। পৌর এলাকায় নিম্ন আয় এলাকা রয়েছে। উক্ত স্থানের লোকের কোন হোল্ডিং নেই। তারা তাদের সন্তানের টিকা দিতে পারছেনা এবং জন্ম সনদ করতে পারছেনা। এ বিষয়ে নিম্ন আয় এলাকার বাচ্চারা যাতে টিকা গ্রহণ করতে পারে এবং সহজ উপায়ে বাচ্চাদের জন্ম সনদ করতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্টিত হয়।

**সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনান্তে প্রতিটি স্থায়ী কমিটি, ওয়ার্ড কমিটি, শহর সমন্বয় কমিটি ও অন্যান্য সভা সমাবেশে জন্ম নিবন্ধন বিষয়ে আলোচনা করে দেয়া টার্গেট পূরণ করার সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাওয়ার সুপারিশ গৃহিত হলো এবং জন্ম ও মৃত্যু নিবন্ধন টার্গেট বেশী হওয়ায় টার্গেট কমানোর বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের সহিত যোগাযোগ করার সুপারিশ করা হলো।

**বাস্তবায়নে :** পৌর নির্বাহী কর্মকর্তা ও স্যানেটারী ইন্সপেক্টর, মানিকগঞ্জ পৌরসভা।

০৩। **ডেঙ্গু ও চিকুনগুনিয়া নিয়ন্ত্রণ :**

**আলোচনা:** পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ডেঙ্গু ও মশাবাহিত অন্যান্য রোগ নির্মূলে সরকার কর্তৃক বেশ কয়েকটি পত্র পাওয়া গেছে। পত্র সমূহ সভায় উপস্থাপন করা হয় এবং করনীয় সম্পর্কে পত্রে উল্লেখিত দিক নির্দেশনা উপস্থাপন করেন। পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সদস্যগণ বলেন, বাংলাদেশের ৬৪টি জেলায় ডেঙ্গু রোগীর প্রাদুর্ভাব বৃদ্ধি পেয়েছে। সংবাদ মাধ্যমে জানা যায় প্রতিটি জেলা শহর গুলিতে ডেঙ্গু রোগীর সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তার মধ্যে ঢাকা জেলা ও চট্রগ্রাম জেলায় ডেঙ্গু রোগীর সংখ্যা বেশি বৃদ্ধি পাচ্ছে এবং দিন দিন মৃত্যুর সংখ্যাও বৃদ্ধি পাচ্ছে। সাধারণত সেপ্টেম্বর হতে অক্টোবর মাস পর্যন্ত অতি বৃষ্টির কারণে ডেঙ্গুর প্রাদুর্ভাব বৃদ্ধি পায়।

শহর সমন্বয় কমিটির সদস্যগণ বলেন পৌর এলাকার জন-সাধারণকে সচেতন করার কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। ডেঙ্গু রোগ যেন মহামারিতে রূপ ধারণ না করতে পারে। বর্তমান পরিস্থিতিতে ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগের প্রতিকার প্রতিরোধ বিষয়ে জন-সচেতনতা তৈরী করা সকলের দায়িত্ব ও কর্তব্য। পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে আরো অবহিত করেন যে, প্রশাসক মহোদয়ের নির্দেশনা মোতাবেক ডেঙ্গু ও চিকুনগুনিয়া নিয়ন্ত্রণে বেশ কিছু উদ্যোগ ইতোমধ্যে গ্রহণ করা হয়েছে। যেমন- ডেঙ্গু নিয়ন্ত্রণে লিফলেট তৈরী সহ মাইকিং করা হয়েছে। প্রতিটি ওয়ার্ডে প্রচারের জন্য জন-সচেতনামূলক নাটক তৈরী করা হয়েছে কিন্তু অতি বৃষ্টির কারণে নাটক মঞ্চস্থ্য করা সম্ভব হয়নি। তিনি আরো বলেন, IUGIP প্রকল্পের নির্দেশনা অনুযায়ী বিভিন্ন স্থায়ী কমিটি, ওয়ার্ড কমিটি, উঠান বৈঠক সহ বিভিন্ন ধরনের সভার কাজ বাস্তবায়ন করতে হয়। উক্ত সভা সমূহে ডেঙ্গু সচেতনতা বৃদ্ধির বিষয়ে নিয়মিত আলোকপাত করা হচ্ছে। সভার চেয়ারপার্সন উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, শহর সমন্বয় কমিটি গঠিত হয়েছে বিভিন্ন পর্যায়ের গুরুত্বপূর্ণ ব্যক্তিদের সমন্বয়ে। তারা যে কোন বিষয়ে পদক্ষেপ গ্রহণ করলে তার সফলা আসবে বলে আমার বিশ্বাস। এডিস মশা যেহেতু পরিস্কার পানিতে উৎপন্ন হয়। তাই প্রথমত আমরা আমাদের সকলের বাড়িতে খেয়াল রাখি যাহাতে পানি কোথাও জমে না থাকে। বাড়ির আশপাশের জঙ্গল পরিস্কার সহ সংসারের ব্যবহৃত উচ্ছিটাংশ নির্দিষ্ট জায়গায় রাখব এবং ময়লা অপসারনের কাজে নিয়োজিতদের নিকট প্রেরণ করবো। মোট কথা সচেতনতাই পারে ডেঙ্গুর হাত হতে সমাজ ও দেশকে রক্ষা করতে। তাই আমরা সকলে সচেতন থাকবো এবং আশপাশের সকলকে ডেঙ্গু ও চিকুন গুনিয়া নির্মুলে সচেতনতা বৃদ্ধির বিষয়ে সঠিক পরামর্শ প্রদান করবো।

শহর সমন্বয় কমিটির ০৬ নং ওয়ার্ডের সম্মানিত সদস্য জনাব মো: জাকিরুল ইসলাম নব নিযুক্ত প্রশাসক মহোদয়কে সকলের পক্ষ হতে এই মহতি সভা আহবানের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি ডেঙ্গু ও চিকুন গুনিয়া প্রতিরোধে ওয়ার্ড ভিত্তিক মনিটরিং টিম গঠণ করার প্রস্তাব করেন।



Shahnaz
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

শহর সমন্বয় কমিটির শহর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি রিয়াজ মাহমুদ হারেজ সম্মানিত সদস্য সভাকে অবহিত করেন যে, শহরের আশপাশের ডোবা নালা গুলো পৌরসভার নিয়োজিত লেবার দ্বারা পরিস্কার করা যেতে পারে। পৌরসভার মাধ্যমে নিয়মিত মশার ঔষধ ছিটানো যেতে পারে। শহর সমন্বয় কমিটির সদস্যগণ বলেন, ডেঙ্গু ও চিকুন গুনিয়া নিয়ন্ত্রণে পৌরসভায় ডেঙ্গু প্রতিরোধ বিষয়ক কার্যক্রমের গতি বৃদ্ধি করতে হবে। পৌর জন-সাধারণকে সচেতন করে তোলার জন্য মাইকিং, লিফলেট বিতরণ করা যেতে পারে। ডেঙ্গু রোগ প্রতিরোধ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

<u>**সিদ্ধান্ত :**</u> বিস্তারিত আলোচনান্তে ডেঙ্গু প্রতিরোধে জন-সাধারণকে সচেতন করে তোলার জন্য পৌর এলাকায় পুনরায় মাইকিং সহ সমাবেশ/নাটক নাটিকার মাধ্যমে জন-সাধারণকে সচেতন করে তোলার ও পৌরসভার মাধ্যমে নিয়মিত মশার ঔষধ ছিটানোর সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

<u>**বাস্তবায়নে :**</u> পৌর নির্বাহী কর্মকর্তা ও কঞ্জারভেন্সী ইন্সপেক্টর, মানিকগঞ্জ পৌরসভা।

০৪। <u>**২০২৫-২০২৬ অর্থ বছরের হ্যালো বাইক এবং অটোরিক্সার লাইসেন্স প্রদান প্রসঙ্গে :**</u>

<u>**আলোচনা :**</u> পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ০৫ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.তারিখ পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সভায় ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য ৪টি শর্ত সাপেক্ষে হ্যালোবাইক সংক্রান্ত মোকদ্দমার রায়ের নির্দেশনা মোতাবেক মানিকগঞ্জ পৌরসভায় ১৩০০ (এক হাজার তিনশত) টি হ্যালোবাইকের নতুন লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছিল। কিন্তু অনিবার্য কারণ বশত: কোন নতুন লাইসেন্স প্রদান করা হয়নি। শহর সমন্বয় কমিটির সদস্যগণ পৌরসভার রাজস্ব আয়ের স্বার্থে পূর্বের ন্যায় লাইসেন্স প্রদানের প্রস্তাব করেন। এ বিষয়ে সভার চেয়ারপার্সন সভাকে অবহিত করেন যে, যেহেতু ইঞ্জিন চালিত হ্যালোবাইক ও অটোরিক্সার লাইসেন্স প্রদানে মহামান্য হাইকোর্টের বিধি নিষেধ রয়েছে। সে প্রেক্ষিতে স্থানীয় ভাবে বিধি তৈরী করে হ্যালোবাইক ও অটোরিক্সার লাইসেন্স প্রদান করা সঠিক হবেনা। কমিটির সদস্যগণ বলেন, লাইসেন্স বিহীন গাড়ীগুলো পৌর এলাকায় চলাচলে ট্রাফিক পুলিশ প্রতিনিয়ত বাধা সৃষ্টি করে এবং বড় অংকের জরিমানা করে থাকে এর ফলে হ্যালোবাইকের মালিকগণ আর্থিক ভাবে ক্ষতিগ্রস্থ হয়। তাই তাদের সহযোগিতা করার বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

<u>**সিদ্ধান্ত :**</u> বিস্তারিত আলোচনান্তে যতদিন পর্যন্ত আইনী ভাবে হ্যালোবাইক ও অটোরিক্সার লাইসেন্স প্রদান করা না যায় তত দিন পর্যন্ত ইঞ্জিন চালিত হ্যালোবাইক ও অটোরিক্সার লাইসেন্স পৌরসভার মাধ্যমে প্রদান না করার এবং এ বিষয়ে.পুলিশ প্রশাসনকে মৌখিক ভাবে অনুরোধ জানানোর সুপারিশ সর্ব সম্মতিক্রমে গৃহীত হলো।

**বাস্তবায়নে :** প্রশাসক, পৌর নির্বাহী কর্মকর্তা ও লাইসেন্স পরিদর্শক, মানিকগঞ্জ পৌরসভা।

০৫। <u>**গৃহীত উন্নয়ন মূলক প্রকল্প অবহিত করণ**</u> **:**

<u>আলোচনা :</u> নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা- ২০২৪-২০২৫ অর্থ বছরে গৃহীত প্রকল্পের সার সংক্ষেপ সভায় উপস্থাপন করেন ( যা সংযুক্ত)। উক্ত উপস্থাপিত গৃহীত প্রকল্পের বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

<u>**সিদ্ধান্ত :**</u> বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থ বছরে গৃহীত প্রকল্প দ্রুত বাস্তবায়ন করার সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

<u>**বাস্তবায়নে :**</u> নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা।

০৬। <u>**২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক হিসাব বিবরণী ও প্রকল্প উপস্থাপন**</u> **:**

<u>**আলোচনা :-**</u> সভায় পৌর নির্বাহী কর্মকর্তা ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক আয় ব্যয়ের হিসাব বিবরণী ও প্রকল্প সমূহ অদ্যকার শহর সমন্বয় কমিটির সভায় উপস্থাপন করেন। ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রারম্ভিক জের সহ বার্ষিক আয় হয়েছে ২১,৮৮,৫৯,৪১৬.৪১ (একুশ কোটি আটাশি লক্ষ উনষাট হাজার চারশত ষোলো টাকা একচল্লিশ পয়সা) টাকা মাত্র ও ব্যয় হয়েছে ১৬,৮৯,৯২,২২৬.৫৮ ( ষোলো কোটি উননব্বই লক্ষ বিরানব্বই হাজার দুইশত ছাব্বিশ টাকা আটান্ন পয়সা) টাকা মাত্র। সমাপনী জের ৪,৯৮,৬৭,১৮৯.৮৩ (চার কোটি আটানব্বই লক্ষ সাতষট্টি হাজার একশত উননব্বই টাকা তিরাশি পয়সা) টাকা মাত্র। তিনি আরো জানান যে, পৌর পানি সরবরাহ শাখায় প্রারম্ভিক জের সহ বার্ষিক আয় হয়েছে



Shahnaz
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

৫,০৮,৭৭,৯২৭.৮০ (পাঁচ কোটি আট লক্ষ সাতাত্তুর হাজার নয়শত সাতাশ টাকা আশি পয়সা) মাত্র ও ব্যয় হয়েছে ৪,৬৮,১৮,৮৬০.৫০ (চার কোটি আটষট্টি লক্ষ আঠার হাজার আটশত ষাট টাকা পঞ্চাশ পয়সা) মাত্র। সমাপনী জের ৪০,৫৯,০৬৭.৩০ (চল্লিশ লক্ষ উনষাট হাজার সাতষট্টি টাকা ত্রিশ পয়সা মাত্র)। তিনি ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি ও রাজস্ব খাতে গৃহীত প্রকল্প সমূহ এবং বিগত বছরে পরিশোধিত বিভিন্ন প্রকল্প সমূহ এবং বর্তমান অর্থ বছরের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের আওতায় আইইউজিআইপি, কোভিড-১৯, সিআরডিপি, আইইউআইডিপি, জলবায়ু ট্রাস্ট ফান্ড ও টিআর প্রকল্প সমূহ বই আকারে সভায় উপস্থাপন করেন। উপরোক্ত উপস্থাপিত বার্ষিক হিসাব বিবরণী ও উপস্থাপিত প্রকল্প সমূহের বিষয়ে শহর সমন্বয় কমিটির উপস্থিত সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন।

**সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক হিসাব বিবরণী ও উপস্থাপিত প্রকল্প সমূহ অবহিত সহ অনুমোদন দেওয়ার সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

**বাস্তবায়নে :** পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা।

০৭। **বিবিধ আলোচনা সমূহ : (১)** শহর সমন্বয় কমিটির সদস্য অত্র পৌরসভার নির্বাহী প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, ইতো পূর্বে লোকাল গভর্নমেন্ট কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকভারি প্রজেক্ট (এলজিসিআরআরপি) এর আওতায় প্রকল্প হতে সর্বমোট ৭,৭৫,১০,৬৯৯/- ( সাত কোটি পঁচাত্তুর লক্ষ দশ হাজার ছয়শত নিরানব্বই) টাকা বরাদ্দ পাওয়া গেছে এবং উক্ত টাকার বিপরীতে প্রকল্প গ্রহণ পূর্বক বাস্তবায়ন করা হচ্ছে। বেশির ভাগ প্রকল্পের কাজ শেষ হয়েছে। ২ টি প্রকল্পের কাজ চলমান অবস্থায় রয়েছে। মানিকগঞ্জ পৌরসভা তুলনামূলক ভাবে নিচু এলাকা হওয়াতে একটু বৃষ্টি হলেই জলবদ্ধতার সৃষ্টি হয়। অন্যান্য বৎসরের তুলনায় এ বৎসর বৃষ্টির পরিমাণ বেশি হওয়াতে পৌর এলাকার বিভিন্ন রাস্তাঘাট ক্ষতিগ্রস্থ হয়েছে। তাই বর্তমান পরিস্থিতিতে পৌর এলাকার জনগণের চাহিদার প্রেক্ষিতে গুরুত্বের দিক বিবেচনায় লোকাল গভর্নমেন্ট কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকভারি প্রজেক্ট (এলজিসিআরআরপি) এর প্রকল্প পরিচালকের সহিত আলোচনা হয়েছে। প্রকল্প পরিচালক জরুরী ভিত্তিতে আরো কিছু প্রকল্প তার দপ্তরে প্রেরণের জন্য মৌখিক আহবান জানিয়েছেন। তৎপরিপ্রেক্ষিতে স্থানীয় গুরুত্ব পূর্ণ ব্যক্তি ও জেলা প্রশাসকের সহিত আলোচনা ক্রমে গুরুত্বের দিক বিবেচনায় লোকাল গভর্নমেন্ট কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকভারি প্রজেক্ট (এলজিসিআরআরপি) এর বিশেষ বরাদ্দের আওতায় নিম্নলিখিত ১০(দশ) টি প্রকল্প উপস্থাপন করা হলো। পর্যায়ক্রমে প্রকল্প সমূহ প্রকল্প অফিসে প্রেরণ করা হবে। উপস্থাপিত প্রকল্প বাস্তবায়ন বিষয়ে উপস্থিত শহর সমন্বয় কমিটির সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন। প্রকল্পের বিবরণ নিম্নরূপ :

| ক্র:ম | লোকাল গভর্নমেন্ট কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকভারি প্রজেক্ট (এলজিসিআরআরপি) এর বিশেষ বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্পের বিবরণ :- |
|---|---|
| ০১ | Construction of Uni-Block Paver Road starting from Shohid Titumir academy to east side Khal near Jalkhola bridge via Makka Store (ch. 00-560m). |
| ০২ | Construction of RCC Drain starting from Shohid Titumir academy to east side Khal near Jalkhola bridge via Makka Store (Ch. 00-560m), Ward No. 06. |
| ০৩ | Construction of RCC Drain starting from Beautha Baribadh to West Dashora khal via Beautha Primary School via Goyjuddin more and H/O Poran Commissioner (ch. 00-900m.). |
| ০৪ | Construction of RCC Drain starting from Dhaka-Aricha Road to Joyra Khal Under Manikganj Pourashava. |
| ০৫ | Construction of HBB road West Dashora Lanch Ghat from H/O Anower to H/O Dr. Jakir. |
| ০৬ | Construction of RCC Drain starting from Bandutia main road near H/O Reza to H/O Afser. |
| ০৭ | Construction of RCC Road starting from Bandutia main road near H/O Reza to H/O Afser. |



Shahnaz
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

| | |
|---|---|
| ০৮ | Construction of RCC Drain starting from South Seauta H/O Monnaf Master to H/O Rony mantion. |
| ০৯ | Construction of RCC Drain of Uchutia starting from Dhaka-Aricha Mollah Bazar up to Uchutia khal under Manikganj. |
| ১০ | Construction of Box culvert at Siddique Nagaar Katakhali under Manikgaj Pourashava. |

**আলোচনা :** **(২)** পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, টাইফয়েড এর টিকা প্রদানের জন্য সরকার উদ্যোগ গ্রহণ করেছে। সারা বাংলাদেশে একযোগে ০৯ মাস হতে ১৫ বৎসর পর্যন্ত শিশুদের টাইফয়েডের টিকা প্রদান করা হবে। ইতোমধ্যে বিভিন্ন পত্র পত্রিকায়, ইলেকট্রনিক মিডিয়ায় এ বিষয়ে প্রচার প্রচারণা চলছে। তিনি আরো বলেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, জনস্বাস্থ্য-২ শাখা এর স্মারক নং-৪৫.০০.০০০০.০০০.১৭১.২৪.০০০৩.২৫-১৯৫ (১০) তারিখ:- ০৪ সেপ্টেম্বর, ২০২৫ ও স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা- এর স্মারক নং- ৪৬.০০.০০০০.০০০.০৩৯.০১৮.০০৭.২০২০-১০৮১ তারিখ: ০৭ সেপ্টেম্বর ২০২৫ খ্রি. টাইফয়েড টিকা সংক্রান্ত দুটি পত্র পাওয়া গেছে। অদ্যকার সভায় পত্র দুটি উপস্থাপন করা হলো। বর্ণিত পত্রের আলোকে ইতোমধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্র-ছাত্রী ও স্বেচ্ছাসেবীদেরকে দিয়ে টিকা প্রদানের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ বিষয়ে উপস্থিত সদস্যগণ জানতে চান এই টাইফয়েড টিকায় বাচ্চাদের কোন ঝুকি আছে কিনা? এ বিষয়ে সিভিল সার্জনের প্রতিনিধি সকলকে আশস্ত করেন যে, টাইফয়েডের টিকায় কোন পার্শপ্রতিক্রিয়া নেই। সাধারণত: স্যানিটেশন সমস্যার কারনে টাইফয়েড হয়ে থাকে। বাংলাদেশ সহ প্রতিবেশী দেশ ভারত, পাকিস্থানে এই রোগের প্রাদুর্ভাব বেশী। তাই আমাদের সকলকে স্বাস্থ্য বিষয়ে সচেতন থাকতে হবে। রেজিষ্টেশন করা খুবই সহজ। তাই উপস্থিত সকলের নিকট অনুরোধ, আপনার বাড়িতে যে সকল শিশু রয়েছে এবং আপনার এলাকার আশপাশের ১৫ বৎসর পর্যন্ত সকল শিশুকে টাইফয়েড টিকা প্রদানের রেজিস্ট্রেশন করার লক্ষ্যে উৎসাহিত করুন। এই টিকা খুবই নিরাপদ। টাইফয়েডের টিকা প্রদান বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

**(৩)** নাগরিক সমাজের প্রতিনিধি জনাব আয়েশা আক্তার সভাকে অবহিত করেন যে, আমি যে এলাকাতে বসবাস করি সেই এলাকাতে চলাচলের রাস্তার নাজুক অবস্থা। একটু বৃষ্টি হলেই পানি জমে থাকে। বিশেষ করে স্টেডিয়াম রোডের এ্যাডভোকেট ফটো সাহেবের বাসা হতে রনি ম্যানশন পর্যন্ত রাস্তাটি খানা খন্দল ও পানি জমে আছে। এতে করে যান চলাচলে ভীষণ অসুবিধার সৃষ্টি হয়। অধ্যাবধি পৌরসভা হতে কোন পদক্ষেপ গ্রহণ করা হয় নাই। তিনি বলেন জন-সাধারণের চলাচলের সুবিধার্থে রাস্তাটির উন্নয়ন কাজ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করলে সংশ্লিষ্ট এলাকাবাসি উপকৃত হবে।

**(৪)** শহর সমন্বয় কমিটির সদস্য জনাব বিশ্বনাথ বনিক, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মানিকগঞ্জ- সভাকে অবহিত করেন যে, মানিকগঞ্জ শহরের যানজটের অবস্থা ভয়াভহ। দিন দিন জনসংখ্যা এবং যানবাহন বৃদ্ধি পাচ্ছে, শহরের রাস্তায় চলাচল করা কষ্ট হয়। যে কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে। যে সমস্ত ভবনের পার্কিং নেই তারা যেন নিজ উদ্যোগে পার্কিং এর ব্যবস্থা করেন সে লক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**(৫)** শহর সমন্বয় কমিটির সদস্য এনজিও প্রতিনিধি জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম বিশ্বাস সভাকে অবহিত করেন যে, যে কোন সভার নিয়ম শৃঙ্খলা থাকে। ইতোপূর্বে লক্ষ্য করেছি সভার কোন এজেন্ডা নেই। এজেন্ডা না থাকলে সভায় বিক্ষিপ্ত আলোচনা হয়। অদ্যকার সভায় নির্দিষ্ট এজেন্ডা রাখার জন্য পৌর কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। তিনি আরো বলেন শহরের প্রধানতম সমস্যা যানজট। ইতোপূর্বে শহরের যানজট নিয়ে একটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সিদ্ধান্ত বাস্তবায়নের কোন অগ্রগতি লক্ষ্য করা যাচ্ছে না। শহরের বহুতল ভবন কার পার্কিং না রেখে বিভিন্ন ধরণের ব্যবসা পরিচালনা করছেন। যার ফলশ্রুতিতে একটি প্রাইভেট কার শহরে প্রবেশ করলে যানজটের সৃষ্টি হয়। গাড়ির চেয়ে পায়ে হেটে কম সময়ে গন্তব্য স্থলে পৌছানো যায়। যে সমস্ত ভবনের আন্ডার গ্রাউন্ডে পার্কিং এর জায়গায় ব্যবসা পরিচালনা করছেন তাদেরকে উচ্ছেদ করতে হবে।

Shahnaz
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

(৬) শহর সমন্বয় কমিটির পেশাজীবী প্রতিনিধি জনাব অলিয়ার রহমান খান সভাকে অবহিত করেন যে, পৌরসভার যে কোন সমস্যা ফয়সালা না করে অগোছালো ভাবে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সেই প্রথম থেকে শুনে আসছি বিভিন্ন রাস্তার টেন্ডার হয়েছে। কিন্তু টেন্ডারের কোন অগ্রগতি দেখতে পাচ্ছি না। অত্র পৌরসভার নির্বাহী প্রকৌশলী অদ্যকার সভায় খুব সংক্ষিপ্ত আকারে বিভিন্ন প্রকল্পে চলমান অবস্থা উল্লেখ করেন। যা শুনে আমরা কোন প্রকল্পের কাজ কত ভাগ অগ্রগতি হয়েছে তা বুঝতে পাচ্ছি না। লিখিত অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করা প্রয়োজন। ঠিকাদার কাজ পেয়ে কাজ শুরু করবে না, আবার শুরু করে শেষ করবে না, এ ধরনের তালবাহানা গ্রহণ যোগ্য নয়। পৌরসভার প্রকৌশল বিভাগকে শক্ত হাতে উন্নয়ন মূলক কাজ সমূহ তদারকি করতে হবে। যে সমস্ত ঠিকাদার অধ্যবধি কাজ শুরু করে নাই সেই সকল ঠিকাদারের বিরুদ্ধে বিধি অনুসরণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন।

(৭) শহর সমন্বয় কমিটির এনজিও প্রতিনিধি জনাব মাসুমা আক্তার মুক্তি সভাকে অবহিত করেন যে, পৌর এলাকার বহুতল ভবন নির্মাণের অনুমোদনের ক্রাইটেরিয়ায় ভূমি ব্যবহারের ছাড় পত্র গ্রহণের আইন রয়েছে। ছাড় পত্র গ্রহণে পৌর জন-সাধারণকে ভোগান্তির মধ্যে পড়তে হয়। জন-সাধারণের সুবিধার্থে এই আইন শিথিল বা বাতিল করা যায় কিনা ?

(৮) শহর সমন্বয় কমিটির শহর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি রিয়াজ মাহমুদ হারেজ সভাকে অবহিত করেন যে, মানিকগঞ্জ শহরকে যানজট মুক্ত করতে হলে সকলের সম্মিলিত প্রচেষ্টার প্রয়োজন। মানিকগঞ্জ শহরে যারা প্রবেশ করে তারা মটর সাইকেল বা যে কোন ধরণের গাড়ি নিয়ে আসে। কেনাকাটা করতে গেলে রাস্তার উপর গাড়ি রাখা ছাড়া দ্বিতীয় কোন অপশন নেই। ইতোপূর্বে লক্ষ্য করেছি রাস্তার উপর গাড়ি রাখলে মোবাইল কোর্টের মাধ্যমে জরিমানা করা হতো। তিনি আরো বলেন প্রতি তিন মাস অন্তর এই সভা অনুষ্ঠিত হয়। কিন্তু কোন প্রকার কাজের ফিডব্যাক পাই না। ফুটপথ দখলদারদের উচ্ছেদের পরপরই আবার দখলদারগণ পুন:রূপে ফিরে আসে। আমার ব্যক্তিগত অভিমত সুপার মার্কেটের সামনে হতে কড়ই তলা মার্কেট পর্যন্ত এবং খাল পাড় হতে বিবেকানন্দের দোকান পর্যন্ত একটি মার্কিং করে দেওয়া যায়। একটি নির্দিষ্ট সারিতে মটর সাইকেল রাখলে আমার মনে হয় যানজট হতে কিছুটা কমবে।

(৯) শহর সমন্বয় কমিটির নাগরিক সমাজের প্রতিনিধি জনাব নাসির উদ্দিন আহম্মেদ যাদু সভাকে অবহিত করেন যে, পৌর নির্বাহী কর্মকর্তার মাধ্যমে জানতে পারলাম যে, যে সমস্ত ভবন মালিকগণ আন্ডার গ্রাউন্ডে অবৈধ ব্যবসা পরিচালনা করছেন উচ্ছেদ অভিযানকারী দল তাদেরকে ৩/৪ মাস মঞ্জুর করেছে। সেই সময় অতিবাহিত হয়েছে কিনা বিষয়টি খতিয়ে দেখা প্রয়োজন এবং পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন । পার্কিং এর জায়গা না থাকলে লে-আউট প্ল্যান অনুমোদন করা সমুচিন হবে না।

(১০) শহর সমন্বয় কমিটির শহর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি জনাব মোঃ শামীম চৌধুরী সভাকে অবহিত করেন যে, শহরের বিভিন্ন মোড়গুলো প্রশস্ত করা বিশেষ প্রয়োজন। বর্তমান পরিস্থিতিতে শহরে পার্কিং এর ব্যবস্থা না করলেই নয়। যানজটের কারণে শহর বাসীদের জীবন অতিষ্ট হয়ে উঠেছে। তিনি আরো বলেন শহরের মাঝের খালের সৌন্দর্য বর্ধনের কাজ ধীর গতিতে চলছে। যাহা কাম্য নয়। উক্ত খালের দক্ষিণ পার্শ্বের রাস্তার কাজ দ্রুততম সময়ে বাস্তবায়ন করা প্রয়োজন এবং খালের দক্ষিণ পার্শ্বে অতিরিক্ত জায়গা থাকলে সেখানে পার্কিং এর ব্যবস্থা করা যায় কিনা ? সে বিষয়ে পৌরসভার প্রকৌশল শাখার সরেজমিনে পরিদর্শন করে ব্যবস্থা নেওয়া যেতে পারে।

**<u>সুপারিশ:</u>**

উপস্থাপিত ১০(দশ) টি প্রকল্প লোকাল গভর্নমেন্ট কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকভারি প্রজেক্ট (এলজিসিআরআরপি) এর বিশেষ বরাদ্দের আওতায় অনুমোদনের জন্য পর্যায়ক্রমে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক বরাবরে প্রেরণের সুপরিশ সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

স্টেডিয়াম রোডের এ্যাডভোকেট ফটো সাহেবের বাসা হতে রনি ম্যানশন পর্যন্ত রাস্তাটির উন্নয়ন কাজ বাস্তবায়নের সুপারিশ গৃহীত হলো।

যানজট নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ গৃহীত হলো।

শহর সমন্বয় কমিটির সভা আহবানের পূর্বেই পূর্ববর্তী সভার কার্যবিবরণী সকল সদস্যদের নিকট পৌছিয়ে দেওয়ার সুপারিশ গৃহীত হলো।



Shahnaz

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

আগামী শহর সমন্বয় কমিটির সভা আহবানের পূর্বে পৌরসভার চলমান সকল প্রকার কাজের অগ্রগতির প্রতিবেদন লিখিত আকারে সকল সদস্যদের নিকট পৌছানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ গৃহীত হলো।

পৌর এলাকাতে ভূমি ব্যবহার এবং লে-আউট প্ল্যান অনুমোদন বিষয়টি গুরুত্ব পূর্ণ বিধায় আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ গৃহীত হলো।

বহুতল ভবনে পার্কিং এর জায়গা না থাকলে লে-আউট প্ল্যান অনুমোদন না করার এবং শহরের বহুতল মার্কেটের আন্ডার গ্রাউন্ডে অবৈধ ব্যবসা উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ গৃহীত হলো।

**বাস্তবায়নে :** পৌর নির্বাহী কর্মকর্তা, নির্বাহী প্রকৌশলী, ও শাখা প্রধানগণ ,মানিকগঞ্জ পৌরসভা।

পরিশেষে অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা কামনা করে উত্থাপিত সমস্যাবলী পর্যায়ক্রমে সমাধানের আশা ব্যক্ত করে সকলের সু-স্বাস্থ্য কামনায় ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

Shahnaz
৩০/৯/২০২৫
(শাহনাজ সুলতানা)
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
ও
চেয়ারপার্সন
পৌরসভা শহর সমন্বয় কমিটি(TLCC)
E-mail: manikganj_municipality@yahoo.com

শাহনাজ সুলতানা
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
ও
উপ-পরিচালক (উপসচিব)
স্থানীয় সরকার, মানিকগঞ্জ।

স্মারক নং-মাপৌ/প্রশাঃসাধাঃ-২০২৫/৯৪১

তারিখঃ ৩০/০৯/২০২৫ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জেষ্ঠতা ক্রম অনুসারে নয়) :-**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
০৩। প্রকল্প পরিচালক, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প, এলজিইডি, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
০৪। জনাব..................................................সদস্য, পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটি, মানিকগঞ্জ পৌরসভা।
০৫। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা।
০৬। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা।
০৭। জনাব ..........................................পদবি .................... শাখা ...........................মানিকগঞ্জ পৌরসভা।
০৮। প্রধান সহকারী, মানিকগঞ্জ পৌরসভাকে সংশ্লিষ্ট কার্যবিবরণী পৌরসভার নিজস্ব ওয়েব সাইডের নোটিশ বোর্ডে প্রকাশের জন্য নির্দেশনা প্রদান করা হলো।
০৯। সংশ্লিষ্ট নথি।

Shahnaz
৩০/৯/২০২৫
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
ও
চেয়ারপার্সন
পৌরসভা শহর সমন্বয় কমিটি(TLCC)

শাহনাজ সুলতানা
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
ও
উপ-পরিচালক (উপসচিব)
স্থানীয় সরকার, মানিকগঞ্জ।

# Manikganj Pourashava
## Manikganj.

### Scheme List of ADP (FY 2024-2025)

| SL. No. | Package No | Name of Works | *Name of Contractor* | *Progress* |
|---|---|---|---|---|
| 01. | MPS/Eng./2024-25/01 | Construction of Prayer Room at Nagar Bhaban 3rd Floor. | M/S MOHAMMAD ALI ENTERPRISE, 0027, West Urcajani, P.O: Begom Jarina College, P. S: Manikganj Sadar, District: Manikganj-1800. | 75% |
| 02. | MPS/Eng./2024-25/02 | Construction of office store room at Nagar Bhaban ground floor. | M/S. R.A. Enterprise, 29, Helachiya (Nayakandi), Manikganj. | 10% |
| 03. | MPS/Eng./2024-25/03 | (a) Repairing work on Sador Hospital Toilet under Manikganj Pourashava. (b) Repairing work on DC court Toilet under Manikganj Pourashava. (c) Repaireing work on Busstand Toilet under Manikganj Pourashava. | M/S Manjurul Traders, 7/6/1, Bandutia, Manikganj Sadar, Manikganj; Manikganj Sadar PS; Manikganj-1800; Bangladesh. | 90% |
| 04. | MPS/Eng./2024-25/04 | BFS work on Char Beautha Castle resturent to south side H/O Raton. Link- 1 Main road to west side H/O Mostak. | MS AFNAN FARABI TRADING CORPORATION, Village: Kandalonka (Guror Hat), P.O: Jhika, P. S: Harirampur, District: Manikganj-1831. | 100% |
| 05. | MPS/Eng./2024-25/05 | Construction CC road & PVC pipe drain from Bandutia Rony mantion road to H/O Usman. | M/S. Rabbi- Rafi Traders, 80, South Seota, Manikganj Sadar, PS : Manikganj-1800, Bangladesh. | 100% |
| 06. | MPS/Eng./2024-25/06 | (a) BFS work on Bandutia Kapalipara road to west side H/O Shohag. (b) East Dashora Forkania Madrasha road H.O Shmim to H/O Shahin. (c) BFS work on Ramzan Ali road from H/O Shohel to H/O Arif. | M/S SUPTI DIPTI TRADERS, 263/01 West Seuta Manikganj. | 10% |
| 07. | MPS/Eng./2024-25/07 | Construction CC road of Beautha Madarasha to collectoret School (ch. 00-200m). Link-1 : H/O Saleh Ahmed house road (ch. 00-40m). | M/S Hanif Traders, Joyra College Road,Manikganj. | 10% |
| 08. | MPS/Eng./2024-25/08 | (a) Construction RCC slab at west Dashora from Saikot villa to khal via Jalkhola mosjid. (b) Construction Pipe drain & BFS road Gongadharpotti production tubewell to H/O Shopon Datto. | M/S. Sohag Construction, 34, South Seota Manikgonj. | 90% |
| 09. | MPS/Eng./2024-25/09 | Construction of RCC pipe drain from Jela Shilpokola gate to south side H/O Bachhu (ch. 00-145m.). Link- 1 : H/O Khalekujaman road (ch. 00-30m). | M/S. Shorab Enterprise, 419, Bandutia, Manikganj. | 30% |
| 10. | MPS/Eng./2024-25/10 | Earthfilling & Palisading work on Beautha Public Laibary road to north side H/O Pro. Siddique Mollah. | JISABAHUMUKHI FARM, Maniknagar Amdala Shibalaya Manikganj. | 50% |
| 11. | MPS/Eng./2024-25/11 | Installation of 1 (One) nos. Production well (Size 350mm x 150mm) at Manikganj Boro Bazar. | M/s. Riyal Success Construction, 04, Pouli, Manikganj Sadar, Manikganj. | 100% |
| 12. | MPS/Eng./2024-25/12 | (a) Installation of 1(One) nos. 38mm dia UPVC test tubewell at Manikganj boro bazar. (b) Installation of Interconection of 150mm dia pipe line from Kazi Ripon house (at Sahid Taju Sharak) to Poschim Seota Jame Mosque (at Kazi Hydayet Hossain Sharak). (c) Installation of Interconection of 150mm dia pipe line from Abdul Hai House to Sultan Bekary Shop at Manikgan Boro Bazar. | KISHAN ENTERPRISE, 0094-00, MOSLEM UDDIN HABU MIASARAK (BAUTHAROAD), P.O: MANIKGANJ, P. S: MANIKGANJ SADAR, DIST: MANIKGANJ. | 100% |
| 13. | MPS/Eng./2024-25/13 | (a) Repairing and maintenance work for 1no. 20HP and 1no. 15HP Submersible Pump. (b) Supplying for water Pipe line repairing materials. (c) Installation of 350mm x 150mm dia Production tube well near at Beautha Road H/O Mr. Fajlul Haque under Manikganj Pourashava. | M/S. Sohag Construction, 34, South Seota Manikgonj. | 10% |
| 14. | MPS/Eng./2024-25/14 | (a) Clour wash & plaster work on Nagor Bhaban. (b) Construction Roller sheed at Nagor Bhaban. | KISHAN ENTERPRISE, 0094-00, MOSLEM UDDIN HABU MIASARAK (BAUTHAROAD), P.O: MANIKGANJ, P. S: MANIKGANJ SADAR, DIST: MANIKGANJ. | 40% |
| 15. | MPS/Eng./2024-25/15 | (a) Repair work of Public Toilet at fish and meat market. (b) Repairing work on Beautha Bazer Toilet under Manikganj Pourashava. | M/S SUPTI DIPTI TRADERS, 263/01 West Seuta Manikganj. | 60% |

E:\D\Poura Tender\Tender 2024-2025\e-Tender Notice No. 07\Progress Report (ADP).doc

# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়

মানিকগঞ্জ।

## ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রকল্পের তালিকা

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রাপ্ত বরাদ্দের টাকা | ব্যয়িত টাকা | প্রকল্পের সংখ্যা | বাস্তবায়িত প্রকল্পের সংখ্যা | চলমান প্রকল্পের সংখ্যা | অসমাপ্ত প্রকল্পের সংখ্যা | গড় অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | এডিপি | ১,১৮,৫০,০০০.০০ | ১,৩৯,১২,০৬৩.০০ | ১৫ টি | ০৩ টি | ০৭ টি | ০৫ টি | ৮০% | |
| ০২ | বিশেষ বরাদ্দ | ৫০,০০,০০০.০০ | - | ০৬ টি | - | - | - | - | কার্যাদেশ পত্র প্রদান করা হয়েছে। |
| ০৩ | কোটেশন | ৪৫,০০,০০০.০০ | | ১২ টি | ১০টি | ২টি | - | ৮০% | |

# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়

## মানিকগঞ্জ।

### প্রকল্পের নাম ঃ আইইউজিআইপি (IUGIP)

| ক্রমিক নং | প্যাকেজ নং | স্কীম নং | চুক্তিকৃত অর্থ | কাজের অগ্রগতি % |
|---|---|---|---|---|
| ০১ | IUGIP/MANI/UT+DR/01/2023 | ১০ টি | ১০,৪০,৫০,৪৭৫.৯২ | ২৯.৩৩% |
| ০২ | IUGIP/MANI/UT+DR/02/2023 | ১৭ টি | ১৩,৩৪,৫১,২৬৬.৫০ | ৪.২৬% |
| ০৩ | IUGIP/MANI/UT+DR/03/2023 | ১৬ টি | ১১,৭৪,৫১,২২৮.৪০ | ৩.৫৩% |
| | 4- | 12 = ৫৫টি | ৭২,২৯,৮০,০০০/= | 0% |

# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়

## মানিকগঞ্জ।

### প্রকল্পের নাম ঃ সিআরডিপি-২ (CRDP-II)

| ক্রমিক নং | প্যাকেজ নং | স্কীম নং | চুক্তিকৃত অর্থ | সংশোধিত চুক্তিকৃত অর্থ | কাজের অগ্রগতি % |
|---|---|---|---|---|---|
| ০১ | CRDP-II/LGED/MANIKGANJ/NCB/2021/W-01 | ০৫ টি | ২৫,০১,৫৯,০০৪.৩৮ | ২৮,৫৬,৮২,৯৩১.৭৮ | ৭[illegible]% |

# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়
## মানিকগঞ্জ।

### বিশেষ বরাদ্দের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পের অগ্রগতির তালিকা

| প্যাকেজ নং | প্রকল্পের তালিকা | প্রাক্কলিত ব্যয় | কাজের অগ্রগতি |
|---|---|---|---|
| ০১ | (ক) মানিকগঞ্জ সিংগাইর রাস্তায় দেলোয়ারের বাসা হতে পশ্চিম দিকে পুলকের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ২,৬৩,৮২৯.০০ | কাজ শুরু করে নাই |
| | (খ) এলজিইডি চকে হাবিবে-নুর জামে মসজিদ পর্যন্ত রাস্তা সিসি করণ কাজ। | ৩,৪৩,৬৯০.০০ | |
| | (গ) দক্ষিণ সেওতা জামে মসজিদের পশ্চিম পার্শ্বে মেরামত কাজ। | ২,০৮,৩৯৮.০০ | |
| | মোট টাকা- | ৮,১৫,৭১৭.০০ | |
| ০২ | (ক) স্টেডিয়াম পুকুরের পশ্চিম পাড়ে কালা মিয়ার বাড়ী হতে স্টেডিয়াম গ্যালারীর পিছনে পশ্চিম দিক দিয়ে মির্জা স্বপনের বাড়ী পর্যন্ত মাটি ভরাটসহ রাস্তা উন্নয়ন কাজ। | ৪,০০,১৯৪.০০ | কাজ শুরু করে নাই |
| | (খ) মানিকগঞ্জ মডেল হাই স্কুলের মাঠে মাটি ভরাট কাজ। | ৩,০৭,০৮৭.০০ | |
| | মোট টাকা- | ৭,০৭,২৮১.০০ | |
| ০৩ | (ক) পশ্চিম দাশড়া আনোয়ারের বাড়ী হতে উত্তর দিকে সিরাজ মাস্টারের বাড়ী পর্যন্ত পিভিসি পাইপ ড্রেন করণ কাজ। | ৫,৫৯,৭৫৯.০০ | ৬০% |
| | (খ) পোড়রা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে মাটি ভরাট কাজ। | ৩,১৯,০৫৭.০০ | |
| | মোট টাকা- | ৮,৭৮,৮১৬.০০ | |
| ০৪ | (ক) ক্যাপ্টেইন আঃ হালিম চৌধুরী রাস্তায় জসিম উদ্দিনের বাড়ী হতে কন্টু মাস্টারের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ৩,১১,৬১৫.০০ | কাজ শুরু করে নাই |
| | (খ) পোড়রা ব্লক-এ মাহাবুবের বাসা হতে উত্তর দিকে পাভেল ঠাকুরের বাসা পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ২,২৭,১১১.০০ | |
| | (গ) মালঞ্চ পৌরসভার শেষ সীমানা হতে পশ্চিম দিকে ১০০মিটার রাস্তা বিএসএফ করণ কাজ। | ৩,১১,৩৫৯.০০ | |
| | মোট টাকা- | ৮,৫০,০৮৫.০০ | |
| ০৫ | (ক) স্টেডিয়াম পুকুরের উত্তর পার্শ্বে রাস্তা সলিং করণ এবং ৩টি এসএস বেঞ্চ স্থাপন কাজ। | ৬,১৭,৪৫২.০০ | কাজ শুরু করে নাই |
| | (খ) মানিকগঞ্জ স্টেডিয়াম সংলগ্ন পুকুরের চারপাশে বৈদ্যুতিক বাতি স্থাপন করণ কাজ। | ৬,৬৭,৭৪২.০০ | |
| | মোট টাকা- | ১২,৮৫,১৯৪.০০ | |
| ০৬ | জয়রা ডক্টরস ক্লিনিক রাস্তায় উপজেলা ইঞ্জিনিয়ার কামরুল ইসলামের বাড়ী পর্যন্ত ড্রেন নির্মাণ কাজ। | ১০,০০,০০০.০০ | কাজ শুরু করে নাই |
| | মোট টাকা- | ১০,০০,০০০.০০ | |
| | সর্বমোট টাকার পরিমান- | ৫৫,৩৭,২৯৩.০০ | |

০৫/১০/২৫

০৫/১০/২০২৫

# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়
## মানিকগঞ্জ।

### রাজস্ব অর্থায়নের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পের অগ্রগতির তালিকা

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য | কাজের অগ্রগতি |
|---|---|---|---|
| ০১ | উত্তর সেওতা শহীদ টিটু সড়কে কাজী বাড়ী হতে দক্ষিণ দিকে আশরাফ কাজীর বাড়ী পর্যন্ত ২০০মিমি ব্যাসের পাইপ লাইন স্থাপন কাজ (চেইনেজ- ০০-২০০মিঃ)। | ৩,৭৯,৯৭৮.০০ | ১০০% |
| ০২ | উত্তর সেওতা শহীদ টিটু সড়কে কাজী বাড়ী হতে দক্ষিণ দিকে আশরাফ কাজীর বাড়ী পর্যন্ত ২০০মিমি ব্যাসের পাইপ লাইন স্থাপন কাজ (চেইনেজ- ২০০-৪১৫মিঃ)। | ৪,০০,৫৪৬.০০ | ১০০% |
| ০৩ | বেউথা আইআরপি'র পাশে গ্যারেজ নির্মাণ কাজ। | ৭,২০,৭৪৬.০০ | ১০০% |
| ০৪ | বিল্টু ক্লাবের পুকুর সৌন্দর্য্য বর্ধন কাজ। | ৪,৩৪,৯৩৫.০০ | ১০০% |
| ০৫ | বিল্টু ক্লাবের পুকুরের পাশে জনসাধারণের বসার স্থানে সেড নির্মান কাজ। | ২,০৭,১০৯.০০ | ১০০%. |
| ০৬ | (ক) নারাঙ্গাই মমিন মাদবরের বাড়ীর নিকট বাঁশের পুল নির্মাণ কাজ। (খ) নারাঙ্গাই আলী হোসেনের বাড়ীর নিকট খালের উপর বাঁশের পুল নির্মাণ কাজ। (গ) উচুটিয়া জাহাঙ্গীরের বাড়ীর নিকট বাঁশের পুল নির্মাণ কাজ। | ১,৭১,৬৫০.০০ | ১০০% |
| ০৭ | নগর ভবনের জন্য জেনারেটর ক্রয় কাজ। | ৬,৫০,০০০.০০ | ১০০% |
| ০৮ | পশ্চিম দাশড়া সিংগাইর রোডে ভবেশ ডাক্তারের বাড়ী হতে পূর্ব দিকে জয়নাল মিয়ার বাড়ী পর্যন্ত ৪ইঞ্চি ব্যাসের পাইপ লাইন স্থাপন কাজ। | ৯১,৫০০.০০ | ১০০% |
| ০৯ | বেউথা রাস্তার নির্বাচন অফিসের পশ্চিমে মসজিদের সামনে দিয়ে হলি ফ্লাওয়ার ইংলিশ স্কুল হয়ে সেলিম ডাক্তারের বাড়ী হতে সাইদুর রহমানের বাড়ী পর্যন্ত রাস্তা ইট দ্বারা সলিং কাজ। | ৩,৩১,৯২১.০০ | ~~কাজ শুরু করে নাই~~ ২০% |
| ১০ | সাইলী পাড়া নুরুর বাড়ী হতে দক্ষিণ দিকে আজাদ হোসেনের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ২,২৭,৮৩৪.০০ | ৬০% |
| ১১ | ১০টি ভ্যান গাড়ী নির্মাণ কাজ। | ৪,৮৯,৫৮০.০০ | ১০০% |
| ১২ | মানিকগঞ্জ পৌরসভার জন্য বৈদ্যুতিক মালামাল ক্রয় কাজ। | ৪,৯৯,৭৮০.০০ | ৭০% |
| ১৩ | বেউথা মেইন রাস্তা হতে পাবলিক লাইব্রেরি হয়ে আলহাজ্ব মোঃ আবুল হাসেমের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ৬,৬২,১৭৬.০০ | ১০০% |
| | সর্ব মোট টাকার পরিমান- | ৫২,২৭,৭৫৫.০০ | |

কথায় ঃ বায়ান্ন লক্ষ সাতাইশ হাজার সাতশত পঞ্চান্ন টাকা মাত্র।

Covid-19

Manikganj Pourashava, Manikganj.
Local Gorenment Covid Response & Recovery Project
**Project Progress Report**

**Monthly Progress Report- 25 September - 2025**
**Reporting Date: 25 September 2025**

| SL No. | Division | District | Municipality /City Corporation | RMSU | Reporting Month | Package Name & No | Name of Scheme | Category of Scheme | Unit (Ex: km / Nos) | Concurred Estimated Amount | Tranche Number |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 |
| 1 | Dhaka | Manikganj | Manikganj Sadar | Dhaka | September | LGCRRP/Manikganj/2022-23/W- 01 | Rehabilitation of Ramjan Ali Road & Construction of 900mm dia RCC Pipe drain from LGED gate to Manikganj Singair road launch ghat (Ch. 50-910m) | Drain | 0.860 | 27558192.00 | 1 &2 |
| 2 | Dhaka | Manikganj | Manikganj Sadar | Dhaka | September | LGCRRP/Manikganj/2023-24/W-02 | (a) Construction of 3-Vent (5.0mx5.0m) RCC Box Culvert at Uchotia H/O Dorbesh, Ward No-02. (b) Construction of Approch Road for 3-Vent RCC Box Culvert at Uchotia H/O Dorbesh, Ward No-02. | Box Culvert | | 10945640.00 | |
| 3 | Dhaka | Manikganj | Manikganj Sadar | Dhaka | September | LGCRRP/Manikganj/2023-24/W-03 | Upgrading of BC Road from Noyakandi Bazer to Mayor old house via Ad. Salim house (ch. 00-650m). | Road | | 10120604.00 | |
| 4 | Dhaka | Manikganj | Manikganj Sadar | Dhaka | September | LGCRRP/Manikganj/2023-24/W-04 | (a) Construction Public Toilet at Nayakandy Bazer. (b) Construction Fish market shed at Nayakandy Bazer. (c) Construction of Fish market shed at Beautha bazer. | Public Toilet & Fish Market | | 3950217.00 | |
| 5 | Dhaka | Manikganj | Manikganj Sadar | Dhaka | September | LGCRRP/Manikganj/2023-24/W-05 | (a) Rehabilitation of BC road West Seuta road from H/O Kutu Chowdhury Near bridge to West Seauta main Road (ch. 00-100m). (b) Upgrading of BC road from Narangai Lotif Mattobor to H/O Golon driver (ch. 00-350m). (c) Rehabilitation of BC Road from Cornel Malek road to Jahid house via Ramjan Ali College (ch. 00-210m). | Road | | 7410738.00 | |
| 6 | Dhaka | Manikganj | Manikganj Sadar | Dhaka | September | LGCRRP/Manikganj/2023-24/W-06 | (a) Upgrading of BC road from Purra H/O Doctor's Lutfor Rahaman to North side Kali Mondir (ch. 00-200m). (b) Upgrading of BC road from Bonogram R/A H/O Gofur to H/O Engr. Abdul Mannan Khan via H/O Batsa Mohuri Ward No. 03 Under Manikganj Pourashava (ch. 00-170m). | Road | | 6526941.00 | |
| 7 | Dhaka | Manikganj | Manikganj Sadar | Dhaka | September | LGCRRP/Manikganj/2023-24/W-07 | Construction Boundary wall for Char Hijuli Graveyard (ch. 00-230m). | Boundary Wall | | 2177973.00 | |
| 8 | Dhaka | Manikganj | Manikganj Sadar | Dhaka | September | LGCRRP/Manikganj/2023-24/W-08 | (a) Construction of RCC pipe drain from Bandutia Khalpar H/O Mohosin road to H/O Sagahan Bandutia Chalkpara road via XEN A.N.M Gias Uddin Khan (Ch. 00-270.00m). (b) Construction of Uni-Block paver road from Bandutia Khalpar H/O Mohosin road to H/O Sagahan Bandutia Chalkpara road via XEN A.N.M Gias Uddin Khan (Ch. 00-270.00m). | Road | | 5598533.00 | |

05/10/2025

| SL No. | Division | District | Municipality /City Corporation | RMSU | Reporting Month | Package Name & No | Name of Scheme | Category of Scheme | Unit (Ex: km / Nos) | Concurred Estimated Amount | Tranche Number |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 |
| 9 | Dhaka | Manikganj | Manikganj Sadar | Dhaka | September | LGCRRP/Manikganj/2024-25/W-09 | (01) Construction of RCC pipe drain from Sohid Rafiq Road Govt High School North gate to S.K Girls School west South Corner U Drain via Basundora House (ch. 25-301 = 276.00m.). (02) Construction of BC Road from Sohid Rafiq Road Govt High School North gate to S.K Girls School west South Corner U Drain via Basundora House (ch. 00-301m.). | Road & Drain | | 4748538.00 | |
| Total | | | | | | | | | | 79037376.00 | |

05/10/2025

| Date of Agreement | Name of Contractor | Contracted Amount | Date of Commencement | Date of Completion | | No of Benefited | | No of Total Man Days | | No of women with paid employm | Physical Progress (%) | Amount Spent (In Figure) | Financial Progress (%) | Status | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | Planned date (As per Contract) | Actual Completion Date | Male | Female | Male | Female | | | | | | |
| 13 | 14 | 15 | 16 | 17 | 18 | 19 | 20 | 21 | 22 | 23 | 24 | 25 | 26 | 27 | 28 |
| 25/07/23 | M/S Jony Traders | 31526570.59 | 6/8/2023 | 6/11/2023 | on progress | 9000 | 6000 | 375 | 200 | 4 | 100% | 23,681,745.00 | 75 | | Final Bill Procesing |
| 4/6/2024 | M/S Howladar Enterprise | 10940582.86 | 11/6/2024 | 10/10/2024 | | | | | | | 70% | 4,271,861.00 | | | On going |
| 19/5/2024 | M/S Salfi Traders | 10120603.78 | 26/05/2024 | 25/8/2024 | | | | | | | 100% | 7,914,959.00 | | | Final Bill Procesing |
| 23/5/2024 | M/S Maksud Engineering Works | 3669365.64 | 27/05/2024 | 26/08/2024 | | | | | | | 100% | 1,060,895.00 | | | Final Bill Procesing |
| 4/6/2024 | M/S Rika Enterprise | 8485369.09 | 11/6/2024 | 10/9/2024 | | | | | | | 60% | | | | On going |
| 4/6/2024 | M/S Howladar Enterprise | 6795871.86 | 11/6/2024 | 10/9/2024 | | | | | | | 60% | 1,100,282.00 | | | On going |
| 4/6/2024 | Jony Traders | 2482894.85 | 11/6/2024 | 10/10/2024 | | | | | | | 90% | 1,771,026.00 | | | On going |
| 23/5/24 | M/S Hanif Traders | 5623832.16 | 27/5/2024 | 26/8/2024 | | | | | | | 100% | 3,825,393.00 | | | Final Bill Procesing |

05/10/2025

| Date of Agreement | Name of Contractor | Contracted Amount | Date of Commencement | Date of Completion | | No of Benefited | | No of Total Man Days | | No of women with paid employm | Physical Progress (%) | Amount Spent (In Figure) | Financial Progress (%) | Status | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | Planned date (As per Contract) | Actual Completion Date | Male | Female | Male | Female | | | | | | |
| 13 | 14 | 15 | 16 | 17 | 18 | 19 | 20 | 21 | 22 | 23 | 24 | 25 | 26 | 27 | 28 |
| 25/3/25 | SHAMS ENG. & CONSTRUCTION LTD. | 4029341.58 | 7/4/2025 | 6/10/2025 | | | | | | | 0% | | | | চুক্তিপত্র বাতিল করা হয়েছে। Re-Tender প্রক্রিয়াধীন। |
| | | 83674432.39 | | | | | | | | | | 43,626,161.00 | | | |

05/10/2025

সংযুক্ত-১

# LOCAL GOVERNMENT ENGINEERING DEPARTMENT
## Improving Urban Governance and Infrastructure Project (IUGIP)
## Sanitation Month' 2025

15 October' 2025 (Global Hand Wash Day)

Budget for Pourashava Based Rally

Name of pourashava : Bhanga, Boalmari, Tungipara, Goalunda, Araihazar, Monohardi, Munshiganj, Mirkadim, Bhairab, Hossainpur, Pakundia, Kaliganj, Kaliakoir, Madhupur, Manikganj, Kalkini Naria, Gaffargaon, Madan, Nakla, Brahmmanbaria, Banshkhali, Chandanish, Sandwip, Raozan, Nazithat, Bandarban, Khagrachhari, Rangamati, Faridganj, Matlab, Haziganj, Choumuhoni, Basurhat, Raipur, Ramgati, Ramganj, Sonagazi, Dagonbhuian, Chunarughat, Kulaura, Chhatak, Moulvibazar, Bheramara, Kumarkhali, Alamdanga, Gangni, Keshobpur, Monirampur, Maheshpur, Patgram, Ulipur, Sundarganj, Bhabaniganj, Nowhata, Bagha, Keshorhat, Charghat, Rohanpur, Shibganj, Nazipur, Sariakandi and Santhia Pourashava (63 Pourashavas)

Number of Participants : 200 nos

| Sl No | Descirption | Unit Rate | No of Unit | Total | Remarks |
|---|---|---|---|---|---|
| 1 | Banner | | | | |
| | Digital | 1,500.00 | 1 | 1,500.00 | |
| | Normal | 600.00 | 3 | 1,800.00 | |
| 2 | Festoon | 500.00 | 10 | 5,000.00 | |
| 3 | Band Party | 5,000.00 | 1 | 5,000.00 | |
| 4 | Miking | 5,000.00 | 1 | 5,000.00 | |
| 5 | Paper Cap (with text and logo print) | 30.00 | 200 | 6,000.00 | |
| 6 | Soap/Hand Wash, Tissue Box/Towel | 30.00 | 200 | 6,000.00 | |
| 7 | Refreshment | 40.00 | 200 | 8,000.00 | |
| 8 | Photograph | 1,000.00 | LS | 1,000.00 | |
| 9 | Others | 1,000.00 | LS | 1,000.00 | |
| | Total | | Include VAT, IT | 40,300.00 | |

Cost of 1 Pourashava 40,300/-Tk (in word Forty TwoThousand Eight Hundred Tk. Only)

Total Cost of 63 Pourashavas 40,300x 63=25,38,900/-(in word Twenty Five Lac Thirty Eight Thousand Nine Hundred Only)

| Mst. Ratna Begum<br>Community Dev. Officer | Manik Lal Kundu<br>Accountants Officer | Md. Maruf Hasan Khan<br>Sr.Assistant Engineer | Md.Faizool Huq<br>Deputy Project Director | Tofail Ahamed<br>Project Director |
|---|---|---|---|---|
| 30.09.2025 | 30/9/2025 | 30.09.2025 | 30/9/25 | 30/09/25 |